

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)


স্মারক নং- আবাআখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৭- ৩৯২০

তারিখঃ ১৫.০৯.২০২০ খ্রি.

বিষয়: ঋণ বিতরণ বৃদ্ধি প্রসঙ্গে।

বর্তমানে বিশ্বব্যাপী চলমান কোভিড-১৯ জনিত মহামারীর কারণে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে কৃষিজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণে সরকারের বিশেষ নির্দেশনা আছে। আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্যগণ প্রায় সকলেই কৃষিভিত্তিক উৎপাদন কাজে সম্পৃক্ত আছেন। পর্যালোচনায় দেখা যায় প্রকল্প ও ব্যাংক উভয়ের আওতায় এখন পর্যন্ত অনেক সদস্য ঋণ গ্রহণপূর্বক বসতবাড়িতে খামার স্থাপন করেননি। প্রকল্প ও ব্যাংকের অন্যতম উদ্দেশ্য সকল সদস্যকে উৎপাদন ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করা। তাই যে সকল সদস্য এখনও ঋণ গ্রহণ করেননি তাঁদেরকে ঋণ গ্রহণে উদ্বুদ্ধ করে তাঁদের বসতবাড়িতে কৃষিজ খামার স্থাপন করতে হবে। প্রকল্প বা ব্যাংকের সদস্য হবার পর এখনও ঋণ গ্রহণ করেননি এমন নতুন ৫(পাঁচ) লক্ষ সদস্যকে ২০২০-২০২১ অর্থবছরে ঋণ প্রক্রিয়ার আওতায় আনা তথা উৎপাদন প্রক্রিয়ায় সম্পৃক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

এমতাবস্থায়, এ মর্মে নির্দেশ দেয়া হলো যে, প্রত্যেক মাঠ সহকারী চলতি ২০২০-২০২১ অর্থবছরে কমপক্ষে ১০০(একশত) জন নতুন সদস্য (যারা ইতঃপূর্বে কখনো ঋণ গ্রহণ করেননি) কে ঋণ প্রক্রিয়ায় সম্পৃক্ত করে তাঁদের বসতবাড়িতে খামার স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজারগণ তার আওতাধীন মাঠ সহকারীদের এবং উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক তার উপজেলায় এ বিষয়ক অগ্রগতি পর্যালোচনা করবেন এবং নিয়মিত ব্যাংক ও প্রকল্পের সংশ্লিষ্ট শাখায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন।

  
১৫.৯.২০২০  
(আবুবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

[headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

১. জেলা সমন্বয়কারী (সকল)
২. উপজেলা জেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক (সকল)
৩. ফিল্ড সুপারভাইজার/ জুনিয়র অফিসার(মাঠ), (সকল)
৪. মাঠসহকারী(সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).....।